# কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

২২৭. রমযানের চাঁদ উঠার দু’ এক দিন আগ থেকেই রোযা রাখা শুরু করা

আবু হুরাইরাহ্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

لاَ تَقَدَّمُوْا رَمَضَانَ بِصَوْمِ يَوْمٍ وَلاَ يَوْمَيْنِ ، إِلاَّ رَجُلٌ كَانَ يَصُوْمُ صَوْمًا فَلْيَصُمْهُ

“তোমরা কেউ রমযানের চাঁদ উঠার দু’ এক দিন আগ থেকে রোযা রাখা শুরু করো না। তবে কেউ এমন দিনে পূর্ব থেকেই রোযা রাখতে অভ্যস্ত থাকলে সে যেন তা রাখে”।[1]

যেমনঃ কেউ প্রতি সপ্তাহ সোমবার ও বৃহস্পতিবার রোযা রাখতেঅভ্যস্ত। অতঃপর উক্ত দিনটি রমযানের এক বা দু’ দিন আগে এসে গেলো তখন সে উক্ত দিনেই তার পূর্ব অভ্যাস অনুযায়ী রোযা রাখবে। যদিও তা রমযানের এক বা দু’ দিন আগেই হয়ে থাকুক না কেন।

>

## ফুটনোট

[1] (মুসলিম, হাদীস ১০৮২)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11477

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন